রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৮, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[কাস্টমস ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/২৭, এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৮৪-আইন/২০২৬/০২/কাস্টমস।—সরকার, কাষ্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩(২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, শুধু শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী পরিবহনের লক্ষ্যে উক্ত আইনের প্রথম তফসিলভূক্ত পণ্যসমূহের মধ্যে H.S. Code-8702.40.00 এর আওতায় ন্যূনতম ড্রাইভারসহ ১৭ (সতেরো) আসন বিশিষ্ট ইলেকট্রিক (Electric) বাস আমদানির ক্ষেত্রে সমূদয় কাষ্টমস শুল্ক (CD), রেগুলেটরি শুল্ক (RD), মূল্য সংযোজন কর (VAT), সম্পূরক শুল্ক (SD) (যদি থাকে), আগাম কর (AT) এবং অগ্রিম আয়কর (AIT) হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি:

(ক) এই অব্যাহতি সুবিধা গ্রহণের লক্ষ্যে আমদানিকারকের প্রকৃতি নিম্নের যে কোনো একটি হইতে হইবে, যথা:—

(অ) সরকারি বা বেসরকারি যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান;

(আ) কোনো শিক্ষা প্রতিষ্ঠানের সহিত শিক্ষার্থী পরিবহন পুলে ব্যবহারের লক্ষ্যে চুক্তিনামা থাকা সাপেক্ষে অন্য যে কোনো আমদানিকারক।

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) আমদানিকৃত বাস সম্পূর্ণ নূতন (Brand New) হইতে হইবে;

(গ) আমদানিকৃত ইলেকট্রিক বাস, প্রযোজ্য ক্ষেত্রে, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ বা অন্য কোনো উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মানের হইতে হইবে, অথবা সংশ্লিষ্ট রপ্তানিকারক দেশের Type Approval Authority বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপ্রাপ্ত (Certification) হইতে হইবে;

(ঘ) আমদানিকৃত বাসে স্থাপিত ব্যাটারি প্রতিস্থাপন ব্যতিরেকে ন্যূনতম ৭ (সাত) বৎসর অথবা ৩,০০,০০০ (তিন লক্ষ) কি. মি. চলিবে মর্মে ওয়ারেন্টি সম্পন্ন হইতে হইবে এবং ইহার স্বপক্ষে যথাযথ প্রমাণক থাকিতে হইবে;

(ঙ) আমদানিকৃত বাসের বডির রং হলুদ হইতে হইবে এবং আমদানিকৃত বাসসমূহে "School/College/Student Bus/Transport" শব্দসমূহ সুস্পষ্টভাবে এবং সহজেই দৃষ্টিগোচর হয় এমনভাবে চিহ্নিত করা থাকিতে হইবে;

(চ) শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতের জন্য বাসে সিসি ক্যামেরা বা আইপি ক্যামেরা স্থাপন এবং জিপিএস ট্র্যাকিং এর ব্যবস্থা থাকিতে হইবে;

(ছ) আমদানিকৃত বাসসমূহ অন্য কোনো বাণিজ্যিক ব্যবহার বা ভাড়া প্রদান বা লিজ প্রদান বা রাইড শেয়ারিং সেবা প্রদানের জন্য ব্যবহার করা যাইবে না;

(জ) আমদানিকৃত ইলেকট্রিক বাসসমূহ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (BRTA) কর্তৃক স্কুল বাস/কলেজ বাস/শিক্ষার্থী পরিবহন বাস হিসাবে নিবন্ধিত হইতে হইবে; এবং

(ঝ) আমদানিকারক কর্তৃক আমদানির তারিখ হইতে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের মধ্যে আমদানিকৃত বাসসমূহ শুধু শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী পরিবহনের উদ্দেশ্যে কোনো প্রকার বিক্রয়, হস্তান্তর বা মালিকানা পরিবর্তনের প্রয়োজন হইলে, বোর্ডের পূর্বানুমোদনক্রমে, অন্য কোনো ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান এর নিকট হস্তান্তর, বিক্রয় বা মালিকানা পরিবর্তন করা যাইবে এবং এইক্ষেত্রে শুল্ক-কর প্রযোজ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো বিশেষ পরিস্থিতিতে শিক্ষার্থী পরিবহন ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ৫ (পাঁচ) বৎসরের পূর্বে বিক্রয়, হস্তান্তর বা মালিকানা পরিবর্তনের প্রয়োজন হইলে, বোর্ডের পূর্বানুমোদনক্রমে, এবং বোর্ড কর্তৃক নির্ধারিত বৎসর ভিত্তিক অবচয় (depreciation) সুবিধা প্রদান করিয়া আমদানিকালে প্রযোজ্য সমুদয় শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে বিক্রয়, হস্তান্তর বা মালিকানা পরিবর্তন করা যাইবে।

২। এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি সুবিধা গ্রহণের লক্ষ্যে আমদানিকারক প্রতিষ্ঠানকে আনুষঙ্গিক সকল দলিলাদিসহ বোর্ড এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন আবেদন প্রাপ্তির পর বোর্ড আবেদন যাচাই-বাছাইপূর্বক আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে অব্যাহতির আদেশ জারি করিবে, বা আবেদন যথাযথ বিবেচিত না হইলে উহা প্রত্যাখ্যান করিতে পারিবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। আবেদনকারীর অব্যাহতির আবেদন বোর্ড কর্তৃক মঞ্জুর হইলে উক্ত আদেশের কপি এবং আমদানির স্বপক্ষে অন্যান্য দলিলাদিসহ এই প্রজ্ঞাপনের শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কাস্টমস হাউসের কমিশনারের নিকট দাখিল করিতে হইবে এবং ন্যূনতম সহকারী কমিশনার পদমর্যদার নিম্নে নহেন এমন কোনো কাস্টমস কর্মকর্তা শুল্কায়ন অনুমোদন করিবেন।

৫। আমদানি পরবর্তীতে যে কোনো সময় এই প্রজ্ঞাপনের শর্ত পরিপালিত হইতেছে না মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ বা ট্রাফিক পুলিশ এর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তথ্য উপাত্ত ও প্রমাণকসহ বোর্ডের নিকট প্রতিবেদন প্রেরণ করিবেন।

৬। এই প্রজ্ঞাপনের যে কোনো শর্ত লংঘন করা হইলে অব্যাহতি সুবিধা রহিত হইবে এবং কাস্টমস আইন, ২০২৩ এর বিধানাবলি অনুসারে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রযোজ্য শুল্ক-করাদি জরিমানা ও সুদসহ (প্রযোজ্য ক্ষেত্রে) আদায়যোগ্য হইবে এবং উক্ত আমদানিকারক পরবর্তীতে কখনো এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি সুবিধা প্রাপ্তির জন্য বিবেচিত হইবে না।

৭। ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৬ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com